গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
রায়পুর, লক্ষ্মীপুর
www.bbs.raipur.lakshmipur.gov.bd

একই স্মারকে প্রতিস্থাপিত

স্মারক নং- ৫২.০১.৫১৫৮.০০০.১১.০০১.১৪-০৩০

তারিখ: ১০ আগস্ট ২০২১ খ্রি:

# শুমারিকর্মী (তথ্যসংগ্রহকারী/সুপারভাইজার) নির্বাচন বিজ্ঞপ্তি (সংশোধিত)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প' এর মূল শুমারিতে তথ্য সংগ্রহের লক্ষ্যে তথ্যসংগ্রহকারী/সুপারভাইজার পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র রায়পুর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। (সরকারী/বেসরকারী চাকরীতে নিয়োজিত ব্যক্তিদের আবেদন করার প্রয়োজন নেই)।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা প্রাপ্য হবেন | ১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ০১/০৬/২০২১খ্রি: তারিখে বয়স ২০-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬) মৌজা ও গ্রাম সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকতে হবে এবং নিজ ইউনিয়নের অধীন সকল মৌজা ও গ্রাম ভালভাবে চিনতে হবে। |
| ০২) | তথ্যসংগ্রহকারী | ঐ | ১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ০১/০৬/২০২১খ্রি: তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬) মৌজা ও গ্রাম সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকতে হবে এবং নিজ ইউনিয়নের অধীন সকল মৌজা ও গ্রাম ভালভাবে চিনতে হবে। |

শর্তাবলী:

১) CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন জরিপে অংশগ্রহণকারী/অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে।

২) তথ্যসংগ্রহকারীগণ মূল শুমারির ০৭ (সাত) দিনে গড়ে ১০০-১২০ টি (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করবেন এবং শুমারির পূর্ববর্তী ০২ দিন সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক সকল খানা তালিকাভুক্ত করবেন। সুপারভাইজারগণ শুমারির ০৭ দিনে কমপক্ষে ৫-৬ জন তথ্যসংগ্রহকারীর কাজ তদারকি করবেন এবং শুমারির পূর্ববর্তী ০২ দিন তথ্যসংগ্রহকারীদের সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক সকল খানা তালিকাভুক্তির কাজ তদারকি করবেন এবং তালিকাভুক্তি নিশ্চিত করবেন।

৩) তথ্যসংগ্রহকারী/সুপারভাইজারগণ আবশ্যিকভাবে নিজস্ব স্মার্টফোন ব্যবহার করে ই-ট্রেনিংয়ে অংশগ্রহণ করবেন। ই-ট্রেনিংয়ে সফল হলেই কেবলমাত্র শুমারিতে তথ্যসংগ্রহকারী/সুপারভাইজার হিসেবে চূড়ান্ত মনোনয়ন পাবেন।

৪) নির্ধারিত আবেদন ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.raipur.lakshmipur.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। এছাড়া সকল ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টারেও আবেদন ফরম পাওয়া যাবে।

৫) মূল শুমারিতে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন। এছাড়াও প্রার্থীর ইংরেজী হাতের লেখা সুন্দর ও স্পষ্ট হতে হবে।

৬) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে (কমপক্ষে ৫০%) অগ্রাধিকার প্রদান করা হবে।

৭) শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।

৮) সকল পদের আবেদনের খামের উপর পদের নাম, আবেদনকারীর নাম, বিকাশ একাউন্টযুক্ত নিজস্ব মোবাইল নম্বর, নিজ ইউনিয়ন ও মৌজার নাম উল্লেখপূর্বক আগামী ১৬/০৮/২০২১খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর বরাবর, সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

৯) আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিক সনদ, এনআইডি (প্রার্থীর নিজস্ব NID না থাকলে পিতা/মাতার NID) এবং ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। এবং নির্বাচনী পরীক্ষার সময় সকল সনদের মূল কপি সঙ্গে আনতে হবে।

১০) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ই-ট্রেনিংয়ে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।

১২) যথানিয়মে আবেদনপত্র দাখিলকারীগণের বাছাই পরীক্ষা নিম্নোক্ত তারিখ ও সময়ানুযায়ী উপজেলা পরিসংখ্যান অফিস, রায়পুর, লক্ষ্মীপুর -এ অনুষ্ঠিত হবে।

| ইউনিয়নের নাম/ পৌরসভা | বাছাই পরীক্ষার তারিখ |
|---|---|
| রায়পুর পৌরসভা, চর পাতা ও কেরোয়া ইউনিয়ন | ১৮ আগস্ট ২০২১ খ্রি: তারিখ সকাল ০৯.০০ টা. |
| বামনী, সোনাপুর, চর মোহনা ও রায়পুর ইউনিয়ন, দ: চর আবাবিল, উ: চর আবাবিল, দ: চর বংশী ও উ: চর বংশী ইউনিয়ন | ২২ আগস্ট ২০২১ খ্রি: তারিখ সকাল ০৯.০০ টা. |

১৩) চুড়ান্তভাবে নির্বাচিতদের নামের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবসাইট এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে (www.bbs.raipur.lakshmipur.gov.bd) প্রকাশ করা হবে।

১৪) গত ০৬ জানুয়ারি ২০২০ খ্রি: তারিখের বিজ্ঞপ্তিতে আবেদন করে যারা মূল শুমারির তালিকাকারী/সুপারভাইজার হিসেবে নির্বাচত হয়েছেন তারা মূল শুমারিতে কাজ করার সুযোগ পাবেন বিধায় তাদের আর আবেদন করার প্রয়োজন নেই। তবে আবেদন করেও যারা নির্বাচিত হননি তাদেরকে নতুন করে আবেদন করতে হবে।

১৫) চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীরা যে যেই ইউনিয়ন ও মৌজার বাসিন্দা তিনি সেই ইউনিয়ন ও মৌজায় নিয়োগপ্রাপ্ত হবেন। উল্লেখ্য যে, যে ইউনিয়ন ও মৌজায় যত লোক প্রয়োজন সে ইউনিয়ন ও মৌজা থেকে তত জন লোক নিয়োগ করা হবে।

১৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১০/০৮/২০২১

সাবরীন চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
রায়পুর,লক্ষ্মীপুর
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
শুমারিকর্মী নির্বাচন কমিটি
রায়পুর,লক্ষ্মীপুর।